"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়গঞ্জ, সিরাজগঞ্জ
raigonj.sirajganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮৮৬১.০০০.১৩.০৩০.২১-৫৫ তারিখ ঃ ২৬-০১-২০২১ খ্রিঃ

## "১৪২৮ বাংলা সনের জন্য হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের,প্রশাসন-২ শাখার ২১-০৯-২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজার সমুহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত সর্বশেষ নীতিমালা মোতাবেক সিরাজগঞ্জ জেলাধীন রায়গঞ্জ উপজেলার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত নিম্নোক্ত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৮ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে নিম্নলিখিত ক্যালেন্ডার ও শর্ত সাপেক্ষে প্রতিটি হাটের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের আবেদন ফরম জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের কার্যালয়, (স্থানীয় সরকার শাখা), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ সহকারী কমিশনার (ভূমি), রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ ধানগড়া শাখা, সিরাজগঞ্জ, অফিসার ইন চার্জ, রায়গঞ্জ ও সলঙ্গা থানা এর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত দরপত্র ফরম সংগ্রহ/ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন জেলা প্রশাসক,সিরাজগঞ্জ মহোদয়ের কার্যালয় এর (স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ ও সহকারী কমিশনার (ভূমি), রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর কার্যালয় এ রক্ষিত দরপত্র বাক্সে বেলা ১.০০ টা পর্যন্ত দরপত্র জমা দেয়া যাবে। একই দিন বিকেল ৩.০০ টায় দরদাতাগনের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।

### ক্যালেন্ডার

**হাট-বাজারের নাম, দরপত্র দাখিলের তারিখ ও সময়সূচি নিম্নরূপ ঃ**

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | সরকারি মূল্য | দরপত্র ফরমের মূল্য (অফেরতযোগ্য) | দরপত্র দাখিলের তারিখ | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১ম বার | ২য় বার | ৩য় বার |
| ০১. | ধামাইনগর হাট | ২০,৯৫৩/- | ৫০০/- | ১৭/০২/২০২১ | ১০/০৩/২০২১ | ৩১/০৩/২০২১ |
| ০২. | শালিয়াগাড়ী হাট | ১,২৯,১৬১/- | ১,০০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৩. | নিমগাছি হাট | ২৬,০৯,৮৯৪/- | ৬,০০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৪. | ধুবিল হাট | ৮২৪/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৫. | আমশড়া হাট | ৪,৪২৫/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৬. | ঘুড়কা হাট | ৫,৮৮,০৬৪/- | ১,৮০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৭. | দেওভোগ হাট | ২৮,০৮০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৮. | ভুইয়াগাতী হাট | ৩,১১,২০৯/- | ১,৪০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৯. | সলঙ্গা হাট | ১,৪৭,৭১,৫৬৫/- | ৩০,২০০/- | ঐ | ঐ | ঐ |
| ১০. | চান্দাইকোনা হাট | ৪১,৭৬,৭৫৪/- | ৯,০০০/- | ঐ | ঐ | ঐ |
| ১১. | ডুমরাই রুদ্রপুরহাট | ২১,৫৫৪/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ১২. | নলকা হাট | ৫,৯১,৩০৪/- | ১,৮০০/- | ঐ | ঐ | ঐ |
| ১৩. | সাহেবগঞ্জ হাট | ১,২১,৩৭০/- | ১,০০০/- | ঐ | ঐ | ঐ |
| ১৪. | পাঙ্গাসী হাট | ১৫,৭৯,০৪৭/- | ৩,৮০০/- | ঐ | ঐ | ঐ |
| ১৫. | গ্রাম পাঙ্গাসী হাট | ২,৪৫,৯৩৩/- | ১,২০০/- | ঐ | ঐ | ঐ |
| ১৬. | কৃষ্ণদিয়া হাট | ৯০১/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ১৭. | ব্রক্ষগাছা হাট | ৩,০০,৯৩৪/- | ১,৪০০/- | ঐ | ঐ | ঐ |
| ১৮. | বামনভাগ হাট | ৩৬,৬৪৯/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |

উল্লেখ্য, ১ম বারের দাখিলকৃত দরপত্রে কোন হাট-বাজার অনুমোদিত হলে ২য় বার ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে এবং ২য় বারের দাখিলকৃত দরপত্রে কোন হাট-বাজার অনুমোদিত হলে ৩য় বার ঐ হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে জানা যাবে ।

### হাট-বাজার ইজারার শর্তাবলী ঃ

১। বাংলা ১৪২৮ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উদ্বৃত্ত মূল্যের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফশীলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পন করা হবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্রদাতা সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পুর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে ।

চলমান পাতা-২

৪। প্রাপ্ত দরের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হইতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে ।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান হাটের একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না।

১০। ইজারার সমূদয় অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিন শত) টাকা মূল্যে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তি পত্রের যে কোন শর্ত লজ্ঘন করা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

( মোঃ রাজিবুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ
ফোন-০৭৫২৬-৫৬১০১
E-mail :uno.raigonj@yahoo.com

স্মারক নং-০৫.৪৩.৮৮৬১.০০০.১৩. ০৩০.২১-৫৫/১(১৫০)

তারিখ ঃ ২৬-০১-২০২১ খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ**

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),সিরাজগঞ্জ ।
৭। চেয়ারম্যান উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
৮। জেলা .................................................. অফিসার, সিরাজগঞ্জ। প্রচারের জন্য।

**অবগতি ও ব্যাপক প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

৯। উপজেলা নির্বাহী অফিসার.......................................... (সকল), সিরাজগঞ্জ।
১০। সহকারী কমিশনার (ভুমি), রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
১১। উপজেলা ................................ অফিসার (সকল), রায়গঞ্জ/ম্যানেজার......................ব্যাংক .................. শাখা/পোষ্ট মাষ্টার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
১২। চেয়ারম্যান/সচিব, .................................... ইউপি (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ, তাকে হাট/বাজার ও জনবহুল স্থানসমুহে ঢোলসহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩। ইউনিয়ন ভুমি সহকারী কর্মকর্তা,........................................ ইউনিয়ন ভুমি অফিস, (সকল) রায়গঞ্জ, সিরাজগঞ্জ। তাঁকে হাট/ বাজার ও জনবহুল স্থানসমুহে ঢোলসহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো এবং জারীর প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করার জন্য বলা হলো।
১৪। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ..................../দৈনিক ..........................। উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় ভিতরের পাতায় স্বল্পহার প্রযোজ্য পৃষ্ঠায় একদিনের জন্য প্রকাশ করতঃ প্রকাশিত বিজ্ঞপ্তির বিলসহ কপি সরবরাহের জন্য অনুরোধ করা হলো।
১৫। জনাব ................................................................ ...........................ইজারাদার, ১৪২৭ বাংলা সন.......................................... হাট-বাজার।
১৬। অফিস কপি

২৬/১/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ